পবিত্র মাহে রমজানে নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারকি ও পর্যালোচনার বাজার তদারকির প্রতিবেদন

| ক্রমিক নং | জেলা | পরিচালিত তদারকির সংখ্যা | তদারকির স্থান | গৃহীত কার্যক্রমের বিবরণ | আইনানুগ ব্যবস্থা | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সংখ্যা(ব্যক্তি/প্রতিষ্ঠান) | আরোপিত দন্ড(জরিমানা/অর্থদন্ড/কারাদন্ড | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ১ | গাইবান্ধা | ০১ | গাইবান্ধার জেলার গোবিন্দগঞ্জ উপজেলা | পবিত্র মাহে রমজানে নিত্যপ্রয়োজনীয় পণ্যের বাজার স্থিতিশীল রাখার লক্ষ্যে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর গাইবান্ধা জেলা কার্যালয় কর্তৃক গোবিন্দগঞ্জ উপজেলার গোলাপবাগ বাজার ও কুন্দেরপাড়া এলাকায় তদারকিমূলক বাজার অভিযান পরিচালনা করা হয়। উক্ত বাজার মনিটরিং কাযক্রম পরিচালনাকালে চাল, ডাল, আলু, পেঁয়াজ, আদা,রসুন, মরিচ, শষা, লেবু, খেজুরসহ মুরগীর মাংস ও মুদি দোকানও পরিদর্শন করা হয়। এ সময় ব্যবসায়ীদের পণ্য ক্রয় বিক্রয়ের ক্ষেত্রে পাকা রশিদ রাখা, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন করা এবং সরকার কর্তৃক যেসব পণ্যের দাম নির্ধারণ করে দেওয়া হয়েছে এসব পণ্য সরকার নির্ধারিত দামেই বিক্রির নির্দেশনা দেওয়া হয়। এছাড়াও অনুমোদনহীন রং দ্বারা তৈরীকৃত শিশু খাদ্য বিক্রয় করা, নোংরা ডিম বিক্রয় করা এবং বেকারীতে নষ্ট ডিম দ্বারা কেক তৈরী করায় পাঁচটি প্রতিষ্ঠানকে মোট ২৫,০০০/- জরিমানা আরোপ ও আদায় করা হয়। সার্বিক সহযোগিতায় ছিল জনাব মো: মিলন মিয়া, নিরাপদ খাদ্য অফিসার, বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ, গাইবান্ধা এবং সার্বিক নিরাপত্তার দায়িত্বে ছিল জেলা পুলিশের একটি চৌকস টিম। | ০৫ | ২৫,০০০/- | |

২৬/০২/২০২৫

পরেশ চন্দ্র বর্মন
সহকারী পরিচালক
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়, গাইবান্ধা